**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ সশস্ত্র বাহিনী পতাকা দিবস। উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী এই উপলক্ষে সংশ্লিষ্টদের শুভেচ্ছা জানিয়েছেন |**

**(২) প্রতিরক্ষা মন্ত্রী আজ ১২৫টি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন করেছেন |**

**(৩) রাজ্যের দক্ষ বাঁশ বেত শিল্পী রঞ্জিত দাস রাষ্ট্রপতি পুরস্কার পাচ্ছেন। (৪) রাজ্য সরকার গলফ টুরিজমকে যুক্ত করে রাজ্যকে পর্যটনের হাব হিসেবে গড়ে তুলতে সচেষ্ট হবে- বলেছেন মুখ্যমন্ত্রী।**

*****************************************************

## Armed Forces Flag Day:

আজ সশস্ত্র বাহিনী পতাকা দিবস। এই উপলক্ষে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান আজ এক মাসের বেতন প্রদান করেছেন। সামাজিক মাধ্যমে উপ-রাষ্ট্রপতি পতাকা দিবসের তহবিলে স্বেচ্ছায় দান করে দেশের সৈনিক, শহীদ এবং তাদের পরিবারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করার জন্য নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, সশস্ত্র বাহিনীর সদস্যদের শৃঙ্খলা, সংকল্প এবং অদম্য সাহস জনগণকে রক্ষা করে এবং দেশকে শক্তিশালী করে। শ্রী মোদি সবাইকে সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে দান করতে আহ্বান জানিয়েছেন।

************************

## Arms Forces Flag Day-Governor/CM Greetings :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষ্যে সকল জওয়ান, প্রাক্তন সেনা জওয়ান ও তাদের পরিবারবর্গকে শুভেচ্ছা জানিয়েছেন।

এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এক বার্তায় জানান, কঠিন পরিস্থিতিতে দেশের সীমান্তকে সুরক্ষিত করে যারা দেশের সার্বভৌমত্ব ও অখন্ডতা রক্ষায় নিজেদের জীবনকে উৎসর্গ করেছেন তিনি তাদের প্রতি আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

************************

**Defence Minister:**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ ১২৫টি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন করেছেন, যেগুলো সাতটি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে রয়েছে। এগুলো নির্মাণ করেছে বর্ডার রোডস অর্গানাইজেশন (BRO)। উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী বলেন, এই প্রকল্পগুলি ভারতীয় সেনাবাহিনী এবং বিআরও-এর সর্বোচ্চ আত্মত্যাগকে স্মরণ করার জন্য নিবেদিত।

#######Byte Rajnath Shing#######

************************

**BJP Meeting:**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে দলের সাংগঠনিক বৈঠক আজ অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, দলের আসাম ও ত্রিপুরা প্রদেশের সংগঠন

মহামন্ত্রী রবীন্দ্র রাজু সহ অন্যান্য কার্যকর্তারা। শ্রী ভট্টাচার্য জানান, বৈঠকে দলের বিভিন্ন সাংগঠনিক কর্মসূচি নিয়ে আলোচনা হয়।

************************

**DYFI Blood Donation:**

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের উদ্যোগে আজ আগরতলার ছাত্র যুব ভবনে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন সিপিএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। উপস্থিত ছিলেন গণতান্ত্রিক যুব ফেডারেশনের রাজ্য সম্পাদক নবারুণ দে সহ অন্যান্যরা। শিবিরে ২৯ জন রক্তদান করেন।

************************

**STPGT Exam:**

ত্রিপুরা টিচার্স রিক্রুটমেন্ট বোর্ড( টি আর বি টি )পরিচালিত ২০২৫ সালের এসটিপিজিটি পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়। টিআরবিটির চেয়ারম্যান ডঃ প্রত্যুষ রঞ্জন দেব জানান মোট ৩৪টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোট ১৭টি বিষয়ে ১০ হাজার ৪৭ জন পরীক্ষা দিয়েছেন বলে তিনি জানান।

************************

**Ranjit Das, Nalchar:**

রাজ্যের দক্ষ বাঁশ বেত শিল্পী রঞ্জিত দাস রাষ্ট্রপতি পুরস্কার পাচ্ছেন| আগামী নয় ডিসেম্বর দিল্লির বিজ্ঞান ভবনে দেশের অন্য রাজ্যের বিজয়ী শিল্পীদের সাথে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু রঞ্জিত দাসের হাতে পুরস্কার তুলে দেবেন| তিনি নলছড়ের নিজ বাড়িতে পরিবারের লোকজনদের সাথে নিয়ে বাঁশ বেতের বিভিন্ন সামগ্রী বানিয়ে বাজারজাত করেন বলে জানান।

#######BYTE Ranjit Das#######

আগরতলার হস্তশিল্প সেবা কেন্দ্রের সহায়তায় শ্রী দাস পুরস্কারের জন্য আজ দিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছেন|

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

************************

**CM- Golf Tournament:**

রাজ্য সরকার পর্যটনের ক্ষেত্রে গলফ টুরিজমকে যুক্ত করে রাজ্যকে পর্যটনের হাব হিসেবে গড়ে তুলতে সচেষ্ট হবে। আজ শালবাগানস্থিত টাস্কার বি এস এফ গলফ কোর্সে ত্রিপুরা ওপেন গলফ টুর্নামেন্টের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, মরুভূমিতে যদি গলফ টুর্নামেন্টের আয়োজন করা যেতে পারে তাহলে ত্রিপুরার মত সুন্দর পার্বত্য অঞ্চলে অনায়াসে গলফের আয়োজন করা যেতে পারে। ছোট রাজ্য হলেও ত্রিপুরায় পর্যটনের ব্যাপক সম্ভার রয়েছে। প্রাকৃতিক সৌন্দর্য্যে ভরপুর ত্রিপুরায় ইকো-ট্যুরিজম, ধর্মীয় পর্যটন ইতিমধ্যেই দেশ বিদেশের পর্যটকদের কাছে

আকর্ষনীয় হয়ে উঠেছে বলে তিনি জানান।গলফের প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে তোলা হলে একে কেন্দ্র করেও রাজ্যে পর্যটকরা ব্যাপক সংখ্যায় আসতে পারে বলে তিনি আশা প্রকাশ করেন।

#######BYTE CM#######

বিশেষ অতিথির ভাষণে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্যের জম্পুইহিলের পাদদেশে গলফ খেলার মত সুদৃশ্য জায়গা রয়েছে। বিশেষজ্ঞদের পরামর্শক্রমে এগুলিকে কাজে লাগানো হবে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন গলফ ফেডারেশন অব ইন্ডিয়ার জেনারেল সেক্রেটারি আর্য বীর আরিয়া। বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ার-এর আই জি তথা টাস্কার গলফ ক্লাবের সভাপতি অলক কুমার চক্রবর্তী প্রমুখ।

উল্লেখ্য, ত্রিপুরা গলফ এসোসিয়েশন এবং টাস্কার গলফ ক্লাবের যৌথ উদ্যোগে এবং গলফ ফেডারেশন অব ইন্ডিয়ার সহযোগিতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

************************

**Governor- Golf Tournament:**

আজ বিকালে শালবাগানস্থিত টাস্কার বিএসএফ গলফ কোর্সে ত্রিপুরা ওপেন গলফ টুর্নামেন্টের সমাপনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। তিনি বলেন, এই প্রতিযোগিতার মধ্যদিয়ে ত্রিপুরায় গলফ টুরিজমের উজ্জ্বল ভবিষ্যতের সূচণা হল। এখানে গলফ টুরিজমের প্রসার ঘটলে এর প্রভাব রাজ্যের প্রতিটি স্তরে ঘটবে। রাজ্যের অর্থনীতি সমৃদ্ধ হবে।

************************

**Loksabha:**

আগামীকাল লোকসভায় জাতীয় সঙ্গীত বন্দেমাতরমের ১৫০ বছর পূর্তি উপলক্ষে এক বিশেষ আলোচনা হবে। সরকারি সূত্রের খবর, লোকসভায় আলোচনা শুরু করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আগামী মঙ্গলবার নির্বাচনী সংস্কার নিয়ে লোকসভায় আলোচনা হবে বলে জানা গেছে।

************************

**Home Minister:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ গুজরাটের আহমেদাবাদে বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি থালতেজে ৮৬১ টি বাড়ির উদ্বোধন করেন। এছাড়াও তিনি দক্ষিণ বোপালে ইলেক্ট্রোথার্ম গার্ডেন, সারখেজ ও বস্ত্রাপুরে হ্রদ, মেমনগরে পার্টি প্লট, নাভা ভাদাজে ৩৫০ টি বাড়ির উদ্বোধন করেন। নিউ রানীপে জিমনাসিয়াম ও লাইব্রেরি পরিদর্শন শেষে তিনি গোটায় ক্রীড়া কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি আজ ১০০ জন নবনিযুক্ত সহকারী ফায়ারম্যানকে নিয়োগপত্র প্রদান করবেন।

************************

**Election Commission:**

নির্বাচন কমিশন আজ বলেছে, বিশেষ নিবিড় সংশোধন তথা S.I.R.-এর দ্বিতীয় পর্ব শুরু হওয়ার পর ৫০ কোটি ৯৪ লাখেরও বেশি Enumeration ফর্ম ভোটারদের মধ্যে বিলি করা হয়েছে। এটি প্রায় ৫১ কোটি ভোটারের ৯৯.৯৪ শতাংশ যা এই পর্বের আওতায় আনা হবে। কমিশন জানিয়েছে, এ পর্যন্ত ৫০ কোটির বেশি ফর্ম ডিজিটালাইজড করা হয়েছে। S.I.R এর দ্বিতীয় পর্ব নয়টি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে গত মাসের ৪ তারিখে শুরু হয়েছে। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি হল ছত্তিশগড়, গোয়া, গুজরাট, কেরালা, মধ্যপ্রদেশ, রাজস্থান, তামিলনাড়ু, উত্তর প্রদেশ, পশ্চিমবঙ্গ, পুদুচেরি, লক্ষদ্বীপ,

আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ। আগামী বছরের ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের মধ্য দিয়ে এই পর্বের ভোটার তালিকার সংশোধনী শেষ হবে।

************************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে।আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৪ ডিগ্রি সেলসিয়াস।

************************

**Cricket Tournament:**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাব-এর মধ্যে প্রীতি ক্রিকেট প্রতিযোগিতা আজ আমতলি স্কুল মাঠে অনুষ্ঠিত হয়| তথ্য সংস্কৃতি দপ্তরের পক্ষে খেলেছেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস এবং দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য। জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাব ম্যাচে বিজয়ী হয়।

************************

**Swaccha Bharat Abhiyan:**

আগরতলার কুঞ্জবন সেবক সংঘ সংলগ্ন বিপনী বিতান এলাকায় বিজেপি'র উদ্যোগে স্বচ্ছ ভারত অভিযান সংগঠিত হয়। ছয় আগরতলা বিজেপি মন্ডল সভাপতি তপন ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের উত্তর জোনালের চেয়ারম্যান প্রদীপ চন্দ্র সহ দলীয় কার্যকর্তারা এই অভিযানে অংশ নেন।

************************

**ATPA Sanmelan:**

অল ত্রিপুরা পেনসনার্স এ্যাসোসিয়েশনের রাজ্য সম্মেলন আজ আগরতলার সখীচরণ বিদ্যানিকেতনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে পেনশনারদের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অবিলম্বে ২২ শতাংশ মহার্ঘ্য রিলিফ প্রদান, পুরাতন পেনশন পদ্ধতি চালু সহ মোট ১২ দফা দাবি নিয়ে সম্মেলনে আলোচনা করা হয় বলে জানিয়েছেন এ্যাসোসিয়েশনের সভাপতি শান্তিরঞ্জন দেবনাথ।

************************

************************